



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ২৯-০৮-২০২৩

বাংলাদেশ ও ভারতের সশস্ত্র বাহিনীর মধ্যে সহযোগিতা সংক্রান্ত 3RD TRI SERVICES STAFF TALK (TSST) অনুষ্ঠিত

ঢাকা, ২৯ আগস্ট ২০২৩ঃ বাংলাদেশ ও ভারতের সশস্ত্র বাহিনীর মধ্যে সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে ২০১৯ সালে ১ম TSST বাংলাদেশে এবং ২০২২ সালে ২য় TSST ভারতে অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় সশস্ত্র বাহিনী বিভাগের তত্ত্বাবধানে আজ মঙ্গলবার (২৯-০৮-২০২৩) ঢাকা সেনানিবাসস্থ সশস্ত্র বাহিনী বিভাগের মাল্টিপারপাস হলে ৩য় TSST অনুষ্ঠিত হয়।

এই সংলাপে মূলতঃ উভয় দেশের মধ্যে পারস্পারিক সামরিক সহযোগিতা, প্রশিক্ষণ এবং দ্বিপাক্ষিক সামরিক বিষয়সমূহ সংক্রান্ত আলোচনা করা হয়। বাংলাদেশের পক্ষে সশস্ত্র বাহিনী বিভাগের অপারেশন ও পরিকল্পনা পরিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল হুসাইন মুহাম্মদ মাসীহুর রহমান, এসজিপি, এসপিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি এবং ভারতের পক্ষে এয়ার ভাইস মার্শাল আশিষ ভোহরা, ভিএসএম স্ব স্ব প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন।

বাংলাদেশ ও ভারতের সশস্ত্র বাহিনীর মধ্যে সহযোগিতার ভিত্তি সুদৃঢ়ভাবে দাঁড়িয়ে আছে, যা ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময়ে তৈরী হয়েছিল। উভয় দেশের এই সম্পর্ক বহুমাত্রিক, বহুমুখী এবং সর্বদা বিকাশমান। এছাড়াও রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক সহ সকল ক্ষেত্রে এ দুই দেশের সম্পর্ক অত্যন্ত দৃঢ়। সাম্প্রতিক বছরগুলোতে ভারতের সাথে সামরিক ও নিরাপত্তা বিষয়ক সম্পর্কের বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এই অগ্রগতি পারস্পারিক সহযোগিতা ও বন্ধুত্বকে একটি অনন্য উচ্চতায় নিয়ে গিয়েছে।

বাংলাদেশ ও ভারতের সেনা, নৌ ও বিমান বাহিনীর মধ্যকার সম্পর্ক অত্যন্ত নিবিড়। বাংলাদেশ সশস্ত্র বাহিনীকে প্রশিক্ষণে সহযোগিতা প্রদানের জন্য ভারতের ক্রমাগত সহায়তা অত্যন্ত সুস্পষ্ট। প্রতিবছর বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অনেক সদস্য ভারতের বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করে। একইভাবে ভারতের সশস্ত্র বাহিনীর সদস্যরাও বাংলাদেশে বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। দুই দেশের সশস্ত্র বাহিনী বিভিন্ন পর্যায়ে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে একসাথে কাজ করে আসছে।

পরে সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার (পিএসও) লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার-উজ-জামান এর সাথে সশস্ত্র বাহিনী বিভাগে ভারতীয় প্রতিনিধি দলের প্রধান এয়ার ভাইস মার্শাল আশিষ ভোহরা, ভিএসএম সৌজন্য সাক্ষাত করেন।

স্বাক্ষরিত/-

ওয়াজির উদ্দিন আহমেদ

সহঃ তথ্য অফিসার

পক্ষে পরিচালক

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৫